তারিখ ১৪ JUN 2017
পৃষ্ঠা ২০ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# মোবাইল ফোন নিয়ে শ্রেণীকক্ষে প্রবেশ নয়

সংসদ রিপোর্টার ॥ মোবাইল ফোন সঙ্গে করে শিক্ষকরা যাতে শ্রেণীকক্ষে প্রবেশ না করেন সে বিষয়ে মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করেছে জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। কমিটি মনে করে, পাঠদানের সময় মোবাইল বেজে উঠলে শিক্ষার্থীদের মনোযোগে বিঘ্ন ঘটে। তাই সহকারী শিক্ষকদের শ্রেণীকক্ষে প্রবেশের আগে প্রধান শিক্ষকের কাছে মোবাইল জমা রাখার পরামর্শ দিয়েছে কমিটি।

জাতীয় সংসদ ভবনে মঙ্গলবার অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি মোঃ মোতাহার হোসেনের সভাপতিত্বে বৈঠকে কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফিজুর রহমান, সামশুল হক

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## মোবাইল ফোন

(২০-এর পৃষ্ঠার পর)

চৌধুরী, মো. নজরুল ইসলাম বাবু, মোঃ আবুল কালাম, আলী আজম এবং বেগম উম্মে রাজিয়া কাজল অংশ নেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটি ক্লাসরুমে, অফিস কক্ষে ও সম্মেলন কক্ষে বঙ্গবন্ধুর ছবি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়েছে। কমিটি পিইডিপি-৪ প্রকল্পের পরিধি আরও সম্প্রসারিত করে বাংলাদেশের দরিদ্রপ্রবণ উপজেলার প্রাথমিক বিদ্যালয়গুলোতে 'মিড ডে মিল' কার্যক্রমের আওতায় শুকনো পুষ্টিকর খাবারসহ বিস্কুট বিতরণের সুপারিশ করে। সেই সঙ্গে জাতীয় পর্যায়ে 'স্কুল ফিডিং পলিসি' চূড়ান্ত করার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত সংগ্রহপূর্বক স্থায়ী কমিটিতে উপস্থাপনের সুপারিশ করে।

এছাড়া বৈঠকে প্রাথমিক শিক্ষা অধিদফতরের মাস্টাররোলে কর্মরত কর্মচারীদের বিশেষ ক্যাটাগরিতে মানবিক দিক বিবেচনা করে তাদের চাকরিতে নিয়মিত করার সুপারিশ করা হয়।